# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 07.08.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য মন্ত্রিসভায় আজ ছোটোখাটো রদবদল হতে চলেছে।

২) সরকারী গণ পরিবহণ থেকে আয় বাড়াতে রাজ্য সরকার বাসের সংখ্যা বাড়ানোর ওপর জোর দিচ্ছে।

টোটো চলাচলেও নিয়ন্ত্রণ আনতে চাইছে প্রশাসন।

৩) বাংলাদেশে নোবেল জয়ী অর্থনীতিবিদ মহম্মদ ইউনুস অন্তর্বর্তী সরকারের প্রধান নির্বাচিত হয়েছেন।

সেদেশে উদ্ভুত পরিস্থিতির প্রেক্ষিতে বিএসএফ-এর ডিজি গতকাল পেট্রাপোল ও রণঘাট সীমান্ত ফাঁড়ি ঘুরে দেখেন।

সীমান্তে জারি করা হয়েছে হাই এলার্ট।

৪) আজ ২২-শে শ্রাবণ। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে কবিগুরুকে স্মরণ করা হচ্ছে।

৫) মহামেডানকে হারিয়ে, বেঙ্গালুরু এফ সি ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে

oooooooooooooooooooooooooo

রাজ্য মন্ত্রিসভায় আজ ছোটোখাটো রদবদল হতে চলেছে। নবান্ন সূত্রে জানা গেছে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস গতকাল মন্ত্রীদের রদবদল সংক্রান্ত ফাইলে স্বাক্ষর করার পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ এই রদবদল করবেন। মানস ভুঁইয়া সেচ দফতরের দায়িত্বে পেতে চলেছেন বলে জানা গেছে। দায়িত্ব বাড়তে পারে চন্দ্রিমা ভট্টাচার্যেরও । একই সঙ্গে কারামন্ত্রী অখিল গিরির পদত্যাগপত্র রাজ্যপাল গ্রহণ করেছেন

oooooooooooooooooooooooooo

সরকারি গণ পরিবহন থেকে আয় বাড়াতে রাজ্য সরকার বিভিন্ন বাসের সংখ্যা বাড়ানোর উপর জোর দিচ্ছে। নবান্নে গতকাল পরিবহন দফতরের এক পর্যালোচনা বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই মর্মে নির্দেশ দেন। প্রশাসনিক সূত্রে জানা গেছে, এজন্য প্রয়োজনে বাস কর্মীদের তিন শিফটের বদলে চার শিফটে কাজ করানোর প্রস্তাবও দেওয়া হয়েছে। আয় বাড়ানোর পাশপাশি সরকারি অর্থের অপব্যয় ও অপচয় কমাতেও বৈঠকে নির্দেশ দেওয়া হয়।

উল্লেখ্য, সরকার পরিবেশ বান্ধব বৈদ্যুতিক গাড়ির ব্যবহার বাড়ানোর নীতি নিয়েছে। সম্প্রতি আরো ১ হাজার ১৮০টি বৈদ্যুতিক বা ই-বাস কেনা হয়েছে। কিন্তু এ ব্যাপারে সুপ্রিমকোর্টে মামলা চলার দরুণ সেগুলি এখনও পথে নামানো যায়নি। মামলার রায় সরকারের অনুকুলে গেলে ওই বাসগুলি দ্রুত পথে নামাতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তাতে পরিবহণ দফতরের আয় বাড়বে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooooo

শহরতলি এলাকায় যানজট আর দুর্ঘটনা রোধে এবার টোটো চলাচলে নিয়ন্ত্রণ আনতে চাইছে রাজ্য প্রসাশন।এবিষয়ে পরিবহণ দফতরকে নির্দিষ্ট নীতি

নির্ধারণ করার নির্দেশ দেওয়া হয়েছে। নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুলিশ এবং পরিবহণ দফতরের মন্ত্রী ও সচিবের সঙ্গে বৈঠকে শহরতলি ও জেলায় অস্বাভাবিক হারে টোটো বৃদ্ধির বিষয়টি নিয়ে আলোচনা করেন। মুখ্যমন্ত্রী জানান, টোটো নিয়ন্ত্রণে নির্দিষ্ট গাইডলাইন তৈরি করতে হবে। তবে তা কখনই কাউকে কর্মহীন করে নয়।

ওই বৈঠকে মন্ত্রী, সচিব ছাড়াও উপস্থিত ছিলেন, মুখ্যসচিব বিপি গোপালিকা, ডিজি রাজীব কুমার, কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল, এডিজি আইনশৃঙ্খলা-সহ পুলিশ-প্রশাসনের উচ্চপদস্থ কর্তারা এবং পরিবহণ নিগমের চেয়ারম্যান মদন মিত্রও।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশে কর্মরত মহিলা কনস্টেবলরা এখন থেকে চাকরিতে যোগদানের ১০ বছর পরেই নিজের জেলায় পোস্টিং পেতে পারবেন। পাশাপাশি বিবাহিত বা সন্তানসম্ভবা মহিলা কনস্টেবলরা যাতে পছন্দসই জায়গায় বদলি হতে পারেন, সেদিকেও বিশেষ গুরুত্ব দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জেলায় জেলায় পুলিশ বাহিনীর সমবন্টন নিশ্চিত করতেই এই উদ্যোগ বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

রাজ্যে পুলিশ কমিশনারেটগুলিতে মহিলা পুলিশ কর্মীর সংখ্যা যেখানে ৩০ শতাংশের কাছাকাছি, সেখানে গ্রামীণ এলাকায় এই হার প্রায় ১৫ শতাংশ। তাই গ্রামীণ এলাকায় মহিলা কর্মীর সংখ্যা বাড়াতে তৎপর হয়েছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের গ্রামীণ এলাকার মানুষের কাছে সরকারি প্রকল্পের সুযোগ সুবিধা আরো ভালো পৌঁছে দিতে নতুন প্রায় দেড় হাজার বাংলা সহায়তা কেন্দ্র তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বর্তমানে রাজ্যে ৩ হাজার ৫৬১টি বাংলা সহায়তা কেন্দ্র চালু রয়েছে। যেখানে রাজ্য সরকারের ৪০টি দফতরের ২৯২টি পরিষেবার

সুযোগ মেলে। এখনও পর্যন্ত রাজ্যের ৭ কোটির বেশি মানুষ এখান থেকে পরিষেবা পেয়েছেন। নতুন করে আরও ১ হাজার ৪৩১টি কেন্দ্র চালু করা হবে। ফলে ৪ হাজারেরও বেশি তরুণ-তরুণীর কর্মসংস্থানের  সুযোগ সৃষ্টি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

যোগ্যশ্রী প্রকল্পের আওতায় এবার সিভিল সার্ভিসের প্রশিক্ষন শুরু করবে রাজ্য সরকার। জেলায় জেলায় প্রশিক্ষণ কেন্দ্র থেকে তাঁদের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশাসনিক পদে রাজ্যের মেয়েদের কাজের সুযোগ বাড়াতেই এই উদ্যোগ। রাজ্য সরকারের সিভিল সার্ভিস প্রশিক্ষণ কেন্দ্র সত্যেন্দ্রনাথ টেগোর সিভিল সার্ভিস স্টাডি সেন্টারের পড়ুয়ারা গত বছরের ইউপিএসসি পরীক্ষায় ব্যাপক সাফল্য পেয়েছে। সেই সাফল্য থেকে উৎসাহিত হয়েই এই পরিকল্পনা বলে সরকারি সূত্রে জানা গেছে। এই পরিকল্পনা রূপায়িত হলে ছেলে মেয়েদের সিভিল সার্ভিস পরীক্ষার প্রশিক্ষণ নিতে কলকাতায় ছুটে আসতে হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের যেসব বিদ্যালয়ে মিড ডে মিল দেওয়া হয় সেই ধরণের প্রতিটি বিদ্যালয়ে এখন থেকে শনিবার সহ কাজের  দিন গুলিতে গরম ও টাটকা খাবার সরবরাহ বাধ্যতা মূলক করা হয়েছে। রাজ্যের বিদ্যালয় শিক্ষা দপ্তরের পক্ষ থেকে  গতকাল এসম্পর্কে একটি নির্দেশ জারি করা হয়েছে। পি এম পোষণ প্রকল্পের আওতায় ওই খাবার সরবরাহ করা হয়।

এই সরবরাহের বিষয়ে নজরদারি চালানোর পাশাপাশি প্রতিদিন বিকেল চারটার মধ্যে মিড ডে মিল গ্রহণকারী ছাত্র - ছাত্রীদের সংখ্যা AMS অর্থাৎ Automated Monitoring System এ জানিয়ে দিতে হবে বলে  বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রয়োজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

ooooooooooooooooooooooooo

বাংলাদেশে নোবেল জয়ী অর্থনীতিবিদ মহম্মদ ইউনুস অন্তর্বর্তী সরকারের প্রধান নির্বাচিত হয়েছেন।

সেদেশের রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দিন গতকাল সংসদ ভেঙে দেওয়ার পর মহম্মদ ইউনুসকে অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে নিযুক্ত করেন। তার আগে রাষ্ট্রপতি ঢাকায় বঙ্গভবনে তিনি সামরিক বাহিনীর প্রধান এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ১৩ সদস্যের এক প্রতিনিধি দলের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। সেখানেই ইউনুসের নাম স্থির হয়। রাষ্ট্রপতির প্রেস সচিব মহম্মদ জয়নাল আবেদিন গতকাল গভীর রাতে সাংবাদিকদের জানান, বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আলাপ আলোচনার পর অন্তর্বর্তী সরকারের বাকি সদস্যদের নাম চূড়ান্ত করা হবে।

উল্লেখ্য, ইউনুস ২০০৬ সালে গ্রামীণ ব্যাঙ্কের মাধ্যমে তাঁর দারিদ্র বিরোধী কর্মকান্ডের জন্য নোবেল শান্তি পুরস্কার পান।

এদিকে, বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি বি এন পি-র প্রধান, প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে মুক্তি দেওয়া হয়েছে। ৭৯ বছরের বেগম

খালেদা কিডনি, ফুসফুস, হৃদরোগ সহ বিভিন্ন সমস্যা নিয়ে এতোদিন গৃহবন্দী ছিলেন।

অন্যদিকে, সোমবার শেখ হাসিনা বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে ইস্তফা দিয়ে দেশ ছাড়ার পর সেনাবাহিনী দায়িত্বভার গ্রহণ করার পরেও বিভিন্ন জায়গা থেকে বিক্ষিপ্ত হিংসার খবর মিলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে বিএসএফ-এর ডিজি দলজিৎ সিং চৌধুরী গতকাল উত্তর ২৪ পরগণায় ভারত- বাংলাদেশ সীমান্তবর্তী  পেট্রাপোল স্থলবন্দরে যান। সেখানে এক ঘন্টারও বেশি তিনি বিএসএফ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

পরে তিনি বাংলাদেশের বেনাপোল ও ভারতের পেট্রাপোলের মধ্যবর্তী জিরো পয়েন্ট পরিদর্শন করেন। কথা বলেন, ইমিগ্রেশন সেন্টারের আধিকারিকদের সঙ্গে। ভারত – বাংলাদেশ সীমান্তবর্তী স্পর্শকাতর ৬৮ নম্বর রণঘাট সীমান্ত ফাঁড়িটিও বি এস এফ-এর ডিজি ঘুরে দেখেন। সঙ্গে ছিলেন পূর্বাঞ্চলীয় কমান্ডের অতিরিক্ত মহা নির্দেশক রবি গান্ধী এবং দক্ষিণবঙ্গ ফ্রন্টিয়ারের ইনস্পেক্টর জেনারেল মণিন্দর প্রতাপ সিং, ফ্রন্টিয়ারের ডি আই জি অমরিশ কুমার আর্জ এবং বিএসএফ কৃষ্ণনগর হেড কোয়ার্টারের ডিআইজি সঞ্জয় কুমার প্রমুখ।

সঞ্জয় কুমার বিএসএফ-এর ডিজিকে রণঘাট ও পার্শ্ববর্তী এলাকার পরিস্থিতি সম্পর্কেও অবহিত করেন। বাংলাদেশের বর্তমান পরিস্থিতি,  অবৈধ অনুপ্রবেশ ও গবাদি পশু চোরাচালানের মতো বিষয়ে তাদের মধ্যে কথাবার্তা হয়। এই সব চ্যালেঞ্জের মোকাবিলায় নজরদারি বাড়ানো এবং কার্যকর ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার ওপর বিএসএফ-এর ডিজি জোর দিয়েছেন।

এরপর মহানির্দেশক সীমান্তবর্তী কুলিয়া গ্রামের বাসিন্দাদের সঙ্গেও কথাবার্তা বলেন।

এদিকে, বাংলাদেশের অশান্ত পরিস্থিতির দরুণ ভারত-বাংলাদেশ সীমান্তে হাই অ্যালার্ট জারি করেছে বিএসএফ। কড়া নজরদারি চলছে মালদার ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকায়। মহদিপুর স্থলবন্দরে আমদানি-রপ্তানী বাণিজ্যে জোর ধাক্কা লেগেছে। তবে ইমিগ্রেশন চেকপোস্ট চালু রয়েছে। যদিও মানুষজনের আনাগোনা কম। বেশকিছু ভারতীয় লরি চালক বাংলাদেশে আটকে রয়েছেন বলে খবর। তাদের দেশে ফিরিয়ে আনার তোড়জোর চলছে। সেই সঙ্গে দ্রুত আমদানি-রপ্তানি বাণিজ্য চালু করারও উদ্যোগ নেওয়া হচ্ছে। এই বাণিজ্য বন্ধ থাকায় প্রতিদিন ক্ষতি হচ্ছে ১৫-১৬ কোটি টাকা বৈদেশিক মুদ্রার। এছাড়া দেড় থেকে দুকোটি টাকার শুল্ক আদায় মার খাচ্ছে বলে মহদিপুর স্থলবন্দরের কাস্টমস আধিকারিক দেশদুলাল চট্টোপাধ্যায় জানিয়েছেন।

অন্যদিকে কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত অনেকটাই স্বাভাবিক। ব্যবসা-বাণিজ্য শুরু হয়েছে। বাংলাদেশ থেকে আসতে শুরু করেছে মালবাহী লরি। তবে ভারতের বেশকিছু লরি এখনো বাংলাদেশে আটকে রয়েছে। সীমান্ত দিয়ে সাধারণ মানুষের যাতায়াত শুরু হয়েছে তবে সংখ্যায় খুবই কম।

শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ি সীমান্তেও দুই বাংলার সাধারণ মানুষ এবং পন্যবাহী ট্রাকের যাতায়াত অনেকটাই কম। থমথমে পরিবেশ। বেশিরভাগ দোকানপাট বন্ধ।

বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে অনুপ্রবেশ বন্ধ করতে উপকূল রক্ষী বাহিনী, সুন্দরবনের সবকটি উপকূল থানা এলাকায় জলপথে নজরদারি বৃদ্ধি করেছে। দুই চব্বিশ পরগনায় ইতিমধ্যেই হোভারক্রাফট থেকে নজরদারি চালানো হচ্ছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। গভীর সমুদ্রে মাছ ধরতে যাওয়া মৎস্যজীবীদের পরিচয়পত্র পরীক্ষা করে দেখা হচ্ছে।

এদিকে, কলকাতা - খুলনা, খুলনা – কলকাতা বন্ধন এক্সপ্রেস আগামীকালও বাতিল থাকবে বলে রেল সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooooo

আজ ২২শে শ্রাবন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়ান বার্ষিকীতে গানে, কবিতায় নৃত্যের মধ্য দিয়ে নানা অনুষ্ঠানে তাঁকে স্মরন করা হচ্ছে। রাজ্য সরকার যথাযথ মর্যাদায় দিনটি পালন করবে। এই উপলক্ষ্যে রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি হবে কবিগুরুর বাসভবন জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে। সেখানে কবিগুরুর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন বিদ্যালয় শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু।

এর আগে নিমতলা শ্মশান ঘাটে কবিগুরুর স্মৃতি সৌধে মালা দিয়ে শ্রদ্ধা জানাবে নরাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম , নারী ও শিশু বিকাশ মন্ত্রী শশী পাঁজা সহ বিশিষ্ট জনেরা সেখানে কবিগুরুর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন।

সচিবালয় নবান্নে তার ছবিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন মন্ত্রীসভার সদস্য অরূপ রায়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান , সরকারি ও অসরকারি সংগঠনের এর পক্ষ থেকে কবিগুরুকে শ্রদ্ধা জানানো হবে।

শান্তিনিকেতনেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

একটি প্রতিবেদন –

(অভিজিৎ - ভয়েসকাস্ট)

oooooooooooooooooooooo

বেঙ্গালুরু এফ সি ১৩৩-তম ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে উঠেছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল গ্রুপ লীগ ম্যাচে বেঙ্গালুরু ৩-২ গোলে মহামেডান স্পোর্টিং কে হারিয়ে দেয়।

বিজয়ী দলের পক্ষে  জোভানোভিচ , বিনীত ভেঙ্কটেশ গোল করেন। অপর গোলটি দীপু হালদারের আত্মঘাতী। মহামেডান স্পোর্টিং এর ইসরাফিল দেওয়ান ও মহিতোস রায় গোল করেন। ৮১ মিনিটে  গোলরক্ষক শুভজিৎ ভট্টাচার্য লাল কার্ড দেখায় বাকি সময় মহামেডান স্পোর্টিং কে ১০ জনে খেলতে হয়।

উল্লেখ্য, গ্রুপ পর্বে টানা তিন ম্যাচে জিতে বেঙ্গালুরু এফ সি শেষ আটে পৌঁছলো।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo